

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২-৪৭৮

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪


বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : এ বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২-৭৬০, তারিখ: ১৭ মে ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৭ মে ২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২-৭৬০ স্মারকমূলে নির্বাহী প্রকৌশলী জনাব এ কে এম শরিফুল ইসলাম-কে মেহেরপুর পৌরসভায় বদলি করা হলে তিনি অদ্যাবধি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের আদেশ প্রতিপালন না করা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর পরিপন্থী এবং অসদাচরণ এর শামিল।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের ১৭ মে ২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২-৭৬০ স্মারক মূলে বদলির আদেশ প্রতিপালন না করায় আপনার বিরুদ্ধে কেন আইনগত/ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, এই মর্মে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২০/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জনাব এ কে এম শরিফুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (প্রাক্তন)
পাংশা পৌরসভা
রাজবাড়ী (মেহেরপুর পৌরসভায় বদলির আদেশাধীন)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর/ পাংশা পৌরসভা, রাজবাড়ী/ কুমারখালী পৌরসভা, কুষ্টিয়া
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)